

**AKASHVANI (Kolkata)**  
**Regional News Unit**

**Date: 22-09-2025**  
**Time : 7.35 AM**  
**DEO : KB**

**Desk in Charge : SDG**  
**Compiling : Sudip B.**  
**NR : Sudip B.**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

**বিশেষ বিশেষ খবর -**

- ১/ দেবীপক্ষের সূচনা লগ্নে আজ দেশ জুড়ে পণ্য ও পরিষেবা কর-এর পরিবর্তিত হার কার্যকর হচ্ছে। # আত্মনির্ভর ভারতের স্বপ্ন পূরণে কেন্দ্র ও রাজ্যের একত্রে কাজ করার ওপর জোর দিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
- ২/ রাজ্যপাল ডক্টর CV আনন্দ বোস বলেছেন, GST-র নতুন হার অর্থনীতিকে আরও মজবুত করবে।
- ৩/ পূর্ব বর্ধমানের মেমারিতে সেপটিক ট্যাঙ্কের কুয়ো খুঁড়তে গিয়ে, বিষাক্ত গ্যাসে দুই শ্রমিকের মৃত্যু। অসুস্থ বেশ কয়েকজন।
- ৪/ দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই আগামী কয়েকদিন হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস।
- ৫/ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লীগে ইস্টবেঙ্গল আজ ইউনাইটেড স্পোর্টস ক্লাবের মুখোমুখি হবে। # এই ম্যাচ ড্র করলেই ইস্টবেঙ্গল খেতাব জয় নিশ্চিত করবে।

\*\*\*\*\*

নবরাত্রির সূচনা লগ্নে আজ দেশ জুড়ে পণ্য ও পরিষেবা কর-এর পরিবর্তিত হার কার্যকর হচ্ছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, পরবর্তী প্রজন্মের GST সংস্কার কার্যকর হওয়ার মাধ্যমে 'এক দেশ-এক কর'-এর স্বপ্ন বাস্তবায়িত হবে। পাশাপাশি আজ থেকেই 'GST সাশ্রয় উৎসবের'ও সূচনা হবে বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী জানিয়েছেন, মানুষ এখন অনেকটা কম দামে পছন্দের জিনিসপত্র কিনতে পারবেন।

(বাইট- PM GST /৭-৩৫ )

গতকাল জাতির উদ্দেশে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, কর কাঠামো সংস্কারের ফলে দেশের আর্থিক বৃদ্ধি ত্বরান্বিত হবে। কেন্দ্র ও রাজ্য একসঙ্গে এগোলে, পূরণ হবে 'আত্মনির্ভর ভারত'-এর স্বপ্ন। শ্রী মোদী বলেন, বর্তমানে আমাদের দৈনন্দিন জীবনে বিভিন্ন বিদেশী পণ্য জুড়ে গেছে। এ থেকে আমাদের মুক্তি পেতে হবে। তিনি আরো বেশী করে স্বদেশী পণ্য উৎপাদন ও ব্যবহারের আহ্বান জানান। এজন্য রাজ্যগুলিকে উপযুক্ত পরিবেশ তৈরীর'ও আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী।

এদিকে, আজ থেকেই দেশ জুড়ে নতুন প্রজন্মের GST ব্যবস্থা চালু হয়েছে।

একটি প্রতিবেদন- ( ক্যাপসুল- GST/ কাশফিন )

\*\*\*\*\*

রাজ্যপাল ডক্টর CV আনন্দ বোস বলেছেন, GST-র নতুন হার, অর্থনীতিকে আরও মজবুত করবে। পশ্চিমবঙ্গের মানুষ, এর ফলে বিশেষভাবে উপকৃত হবেন বলে আশা প্রকাশ করেন তিনি।

( বাইট- রাজ্যপাল )

নিত্য প্রয়োজনীয় জিনিসের ওপর GST কমায় সাধারণ মানুষ উপকৃত হবেন বলে মনে করেন দক্ষিণ কলকাতার বাসিন্দা শ্রেয়সী রায়।

( বাইট- শ্রেয়সী/ গৃহবধু )

\*\*\*\*\*

রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ RSS-এর শতবর্ষ পূর্তি উপলক্ষ্যে গতকাল রাজ্যজুড়ে পথ সঞ্চালন কার্যক্রম অনুষ্ঠিত হয়। নিউটনের নেতাজী সুভাষচন্দ্র পার্কে এই রুট মার্চে অংশ নেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তিনি বলেন, সংঘের একজন স্বয়ংসেবক হিসেবে তিনি এই রুট মার্চে অংশগ্রহণ করেছেন। পূর্ব মেদিনীপুরের কাঁথিতে স্বয়ংসেবক সংঘের রুট মার্চে অংশ নেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও।

হাওড়ার উলুবেড়িয়ার গঙ্গারামপুর মোড় থেকে শুরু হয়ে ফুলেশ্বর বাসস্ট্যান্ড পর্যন্ত পথ সঞ্চালন পদযাত্রায় অংশ নেন প্রায় ২০০ জন স্বয়ংসেবক।

জলপাইগুড়ি, কোচবিহার শহরেও স্বয়ং সেবকরা পথ পরিক্রমা করেন।

অন্যদিকে, দক্ষিণ ২৪ পরগনার মহেশতলায় রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের পথ সঞ্চালনায় বাধা দেওয়ার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। এর জেরে কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত নেয় রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘের কর্মীরা।

\*\*\*\*\*

সেবা ও সুশাসন, অর্থাৎ জনসেবা ও সুশাসনের মন্ত্র দ্বারা পরিচালিত হয়ে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার রূপান্তর ও অগ্রগতি আনতে অক্লান্ত পরিশ্রম করে চলেছে। আজ, এই বিশেষ 'সেবা পর্ব'-এ, আমরা আপনাদের সামনে তুলে ধরছি কিভাবে মোদী সরকার সাশ্রয়ী মূল্যের আবাসন এবং আধুনিক নগর পরিকাঠামো নিশ্চিত করেছে।

আমাদের প্রতিনিধি অভিজিৎ চক্রবর্তীর একটি প্রতিবেদন-

( ভিসি- অভিজিৎ )

\*\*\*\*\*

পূর্ব বর্ধমানের মেমারির উত্তর কৈলাসপুর এলাকায় সেপটিক ট্যাঙ্কের কুয়ো খুঁড়তে নেমে বিষাক্ত গ্যাসে দুই শ্রমিকের মৃত্যু হয়েছে। হাসপাতালে ভর্তি করা হয়েছে আরও তিন জনকে।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, গতকাল স্থানীয় একটি বাড়িতে সেপটিক ট্যাঙ্কের জন্যে কুয়ো খোঁড়া হচ্ছিল। সে সময়ে বিষাক্ত গ্যাসের কারণে খননকারী ছ'জন শ্রমিক অসুস্থ হয়ে

পড়েন। বিপর্যয় মোকাবিলা দফতরের কর্মীরা অচেতন্য অবস্থায় শ্রমীদের উদ্ধার করে মেমারি গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকেরা সাবির আলি প্রধান ও সামু নামের দুজনকে মৃত বলে ঘোষণা করে।

\*\*\*\*\*

উত্তর পূর্ব বঙ্গোপসাগরে অবস্থানরত ঘূর্ণাবর্ত, আগামী কয়েক ঘন্টায় নিম্নচাপে পরিণত হতে পারে।

আগামী ২৫ তারিখ পূর্ব মধ্য বঙ্গোপসাগর ও সংলগ্ন উত্তর বঙ্গোপসাগর এলাকায় অপর একটি নিম্নচাপ এলাকা তৈরি হওয়ার সম্ভাবনা। এর প্রভাবে আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গের প্রায় সব জেলাতেই হাল্কা থেকে মাঝারি বৃষ্টি হবে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। উপকূলের জেলা গুলিতে আগামীকাল থেকে বৃষ্টির পরিমাণ কিছুটা বাড়বে। উত্তরবঙ্গে হাল্কা বৃষ্টির পূর্বাভাস।

\*\*\*\*\*

ইস্টবেঙ্গল আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগে চ্যাম্পিয়নশিপ রাউন্ডের তাদের শেষ ম্যাচে ইউনাইটেড স্পোর্টস ক্লাবের বিরুদ্ধে খেলবে। নিজেদের মাঠে এই ম্যাচ ড্র করলেই ইস্টবেঙ্গল কলকাতা প্রিমিয়ার লিগ খেতাব জয় নিশ্চিত করবে।

এদিকে, প্রিমিয়ার লিগে গতবারের চ্যাম্পিয়ন ইস্টবেঙ্গল ক্লাবকে আজ ট্রফি তুলে দেওয়া হবে। ট্রফি তুলে দেবেন কলকাতার মহানাগরিক, পুর ও নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম।

\*\*\*\*\*